

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৬, ২০০৭

[ বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২২ পৌষ ১৪১৩/৪ ফেব্রুয়ারি ২০০৭

এস, আর, ও নং ১৮-আইন/২০০৭।—বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১ (২০০১ এর ২০ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই প্রবিধানমালা বেনাপোল স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (১) “আপত্তিকৃত পণ্য” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক আপত্তিকৃত পণ্য বলিয়া তালিকাভুক্ত পণ্যদ্রব্য বা মালামাল;
- (২) “কর্তৃপক্ষ” অর্থ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১ (২০০১ সালের ২০ নং আইন) এর অধীন গঠিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ;

( ৫৩৬৫ )

মূল্য : টাকা ৫২.০০

৪৭। স্থলবন্দরের শেড ও ইয়ার্ডে রক্ষিত এবং শুষ্কবিভাগ কর্তৃক নিলামে বিক্রিত পণ্যদ্রব্য বা মালামালের ডেলিভারী পদ্ধতি।—স্থলবন্দরের শেড বা ইয়ার্ডে রক্ষিত বা শুষ্ক বিভাগকর্তৃক নিলামে বিক্রিত পণ্যদ্রব্য বা মালামালের ডেলিভারী প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করিতে হইবে—

- (ক) স্থলবন্দরের মালামাল নিলামে বিক্রির পূর্বে উহা শুষ্ক বিভাগ ও কর্তৃপক্ষের প্রতিনিধিগণের উপস্থিতিতে তালিকাভুক্ত (ইনভেন্ট্রি) করা হইবে;
- (খ) অনুচ্ছেদ (ক) এর উদ্দেশ্যে কর্তৃপক্ষ, প্রয়োজনে, কার্পেন্টার ও শ্রমিক সরবরাহ করিবে এবং পণ্যদ্রব্য বা মালামাল নিলাম গুদামে অপসারণের খরচসহ উক্ত বাবদ যাবতীয় ব্যয় কর্তৃপক্ষ বহন করিবে ;
- (গ) নিলাম অনুষ্ঠানের পূর্বে শুষ্ক বিভাগ পরিচালক (ট্রাফিক) কে নিলামের স্থান, তারিখসহ অন্যান্য সকল বিষয় লিখিতভাবে অবহিত করিবে ; উক্ত নিলাম অনুষ্ঠানে নিলামে বিক্রীত পণ্যে তালিকাসহ স্থলবন্দরের একজন প্রতিনিধি উপস্থিত থাকিবেন ;
- (ঘ) নিলামে বিক্রীত পণ্যদ্রব্য বা মালামাল ডেলিভারীর জন্য শুষ্ক বিভাগ—
- (অ) ডেলিভারী অর্ডার বা, ক্ষেত্রমত, রিলিজ অর্ডার ইস্যু করিবে, যাহাতে নিলামে বিক্রীত অর্থের পরিমাণ এবং বন্দরের প্রাপ্য অংশ উল্লেখ থাকিবে ;
- (আ) ক্রয়কারীর নমুনা স্বাক্ষর সত্যায়িত করিয়া স্থলবন্দরের সংশ্লিষ্ট দপ্তর, শেড বা ইয়ার্ডে পাঠাইবে ;
- (ই) নিলাম ক্রয়কারী কর্তৃক উক্ত ডেলিভারী অর্ডার বন্দরে দাখিল করিবার পর উহার ভিত্তিতে কর্তৃপক্ষ পণ্যদ্রব্য বা মালামালের রিলিজ অর্ডার, কার্ট টিকেট এবং এক্সিট পাস ইস্যু করিবে ;
- (ঙ) অনুচ্ছেদ (ঘ) তে উল্লিখিত কার্যাদি সমাপনান্তে সংশ্লিষ্ট ডকুমেন্ট ও রেজিস্টারে নিলাম ক্রয়কারী স্বাক্ষর প্রদান করিয়া পণ্যদ্রব্য বা মালামাল ডেলিভারী গ্রহণ করিবে ;
- (চ) পণ্যদ্রব্য বা মালামাল ডেলিভারী হইবার পর, কর্তৃপক্ষ বন্দরের প্রাপ্য অর্থ প্রদানের দাবি সম্বলিত বিল শুষ্ক বিভাগে দাখিল করিবে এবং উক্ত বিল প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে শুষ্ক বিভাগ, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, “ বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ” শিরোনামে পে-অর্ডার বা চেকের মাধ্যমে উক্ত বিলের অর্থ পরিশোধ করিবে ;
- (ছ) স্থলবন্দরে শুষ্ক বিভাগের নিজস্ব নিলামযোগ্য শেড থাকার প্রেক্ষিতে পরিচালক (ট্রাফিক) নিলামযোগ্য পণ্যদ্রব্য বা মালামালের তালিকা হস্তান্তরের মাধ্যমে শুষ্ক বিভাগকে উহা হস্তান্তর করিতে পারিবে এবং এই ক্ষেত্রে শুষ্ক বিভাগ কর্তৃক অনুষ্ঠিত নিলামে বিক্রয় মূল্যের ১৫ % কর্তৃপক্ষের প্রাপ্য হইবে ;